JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পুরো নিউ ইয়র্ক স্টেটে 2018 সালে 1,000টি যৌথ সন্ত্রাসবাদ-বিরোধী অনুশীলন সম্পূর্ণ হয়েছে এমন ঘোষণা করলেন

অনুশীলন ব্যবসা, সংস্থা, ও জনগণকে সন্দেহজনক কর্মকাণ্ড দ্রুত রিপোর্ট করতে উৎসাহিত করে নিরাপত্তা বলিষ্ঠ করে

পুরো স্টেটে আইন প্রয়োগকারী এজেন্সিগুলির মধ্যে আরো ভালো সমন্বয় উন্নত করতে রেল স্টেশনগুলিতে বিশটি "অপারেশন নিউ ইয়র্ক-সিকিউর (Operation NY-SECURE)" অনুশীলন সম্পন্ন করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services) এর সন্ত্রাসবাদ-বিরোধী অফিস (Office of Counter Terrorism) 2018 সালে 1,000টি স্থানে সন্ত্রাসবাদ-বিরোধী অনুশীলন সম্পন্ন করেছে। প্রতিটি অনুশীলনের সময়, স্টেট ও স্থানীয় এজেন্সির সন্ত্রাসবাদ-বিরোধী অভিজ্ঞরা কাস্টোমার হিসেবে ছদ্মবেশ নিয়েছে এবং ব্যবসাগুলি সন্দেহজনক কর্মকাণ্ড সনাক্ত করে রিপোর্ট করতে পারে কিনা তা যাচাই করেছে। 2018 সালে সম্পন্ন 1,000টি অনুশীলন, 2016 সালে এই ধরনের অপারেশনের 56 শতাংশ বৃদ্ধি প্রতিনিধিত্ব করে যখন গভর্নর কুওমো তার স্টেট ভাষণে তার স্টেটে এগুলি বিস্তৃত করতে বিভাগকে নির্দেশ দেন। পাশাপাশি, "অপারেশন নিউ ইয়র্ক সিকিউর" এর জন্য বিভাগ ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সাথে অংশীদারিত্ব করে, যা ছিল পুরো স্টেটে 20টি সন্ত্রাসবাদ বিরোধী ও ঘটনার প্রত্যুত্তর অনুশীলন সম্পূর্ণ করা।

"নিউ ইয়র্ক স্টেট কখনোই সন্ত্রাসবাদের হুমকিতে ভয় পাবে না, বরং যখনই এটি এর ভীতু চেহারা দেখাবে সবসময় প্রস্তুত থাকবে", **গভর্নর কুওমো বলেন।** "এই অনুশীলনগুলি আইন প্রয়োগকারী সংস্থার সন্ত্রাসবাদ-বিরোধী প্রস্তুতি জোরদার করে এবং ব্যবসা ও সাধারণ জনগণকে স্মরণ করিয়ে দেয় যে সতর্ক থাকা উচিত এবং সন্দেহজনক কর্মকাণ্ড দেখলে তা রিপোর্ট করা উচিত।"

এই বছর, সন্ত্রাসবাদ-বিরোধী অফিস প্রতিটি কাউন্টিতে অনুশীলন পরিচালনা করার জন্য পুরো স্টেটের 100টির বেশি এজেন্সির 400 এর বেশি কর্মচারীর সাথে অংশীদারিত্ব করেছে। অনুশীলন সম্পন্ন করা হয়েছে বড় ব্যাপ্তির ব্যবসার মধ্যে যারা এমন পণ্য বা সেবা প্রদান করে যা বহু সম্ভাব্য সন্ত্রাস কাজে ব্যবহার করা যেতে পারে। বিশেষ করে, দলগুলি 172টি ট্রাক ভাড়া দেওয়ার স্থান, 134টি হার্ডওয়্যার দোকান,111টি হোটেল, 75টি ড্রোন খুচরা বিক্রেতা, 69টি বন্দুক ও ক্রীড়া সামগ্রী দোকান এবং একই সাথে পদার্থ বা বিস্ফোরণ যন্ত্র নির্মাণে ব্যবহৃত উপাদান বিক্রি করে এমন অনেক গুই অন্যান্য বড় খুচরা বিক্রেতা ও ব্যবসা যাচাই করে। এছাড়াও স্টেডিয়াম, ট্রানজিট হাব, মল, কলেজ, ও হাসপাতালের মতো বহু সংখ্যক জনসমাগম স্থানে অতিরিক্ত অনুশীলন সম্পন্ন করা হয়েছে।

বিভিন্ন ব্যবসাতে অনুশীলন সম্পন্ন করার কৌশল কার্যকরভাবে সন্দেহজনক কর্মকাণ্ড সনাক্ত ও রিপোর্ট করে গ্রেফতারের সুযোগ সৃষ্টি করার সচেতনতা বৃদ্ধি করেছে। উদাহরণস্বরূপ, 2018 সালের বসন্তে, একটি বড় খুচরা বিক্রেতা স্থানীয় পুলিশ বিভাগে যোগাযোগ করে রিপোর্ট করে যে একজন ক্রেতা সন্দেহজনক সামগ্রী ক্রয় করেছে। একাধিক আইন প্রয়োগকারী এজেন্সির যৌথ তদন্তের পর, এক ব্যক্তিকে গ্রেফতার করা হয় এবং একটি ধ্বংসাত্মক যন্ত্র ও একটি সাইলেন্সার নিজের কাছে রাখার এবং একই সাথে রাইফেল কিনতে ভুয়া পরিচয় ব্যবহার করার অপরাধে অভিযুক্ত করা হয়। এ ধরনের ঘটনা হল নিউ ইয়র্কের সার্বিক সন্ত্রাসবাদ-বিরোধী অবস্থানের উন্নয়নে এই কর্মসূচির কার্যকারিতার প্রমাণ।

এইসব অনুশীলনের সাফল্য দেখে, গভর্নর তার 2019 সালের স্টেট ভাষণে গুরুত্বপূর্ণ পরিকাঠামো সাইটে কর্মসূচিটি আরো সম্প্রসারণ করতে বলেন। এই সম্প্রসারণের ফলে জরুরি পরিকাঠামো মালিক ও অপারেটরদের মধ্যে এই ফ্যাসিলিটিগুলি যেই হুমকির সম্মুখীন হতে পারে এবং তা প্রশমিত করতে কী ব্যবস্থা নেওয়া যায় সে সম্পর্কে সেই সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে।

"আইন প্রয়োগকারী সংস্থার কাছে সন্দেহজনক কর্মকাণ্ড রিপোর্ট করা হল সবথেকে গুরুত্বপূর্ণ উপায় যার মাধ্যমে নিউ ইয়র্কবাসী জন নিরাপত্তায় অবদান রাখতে পারে", **বললেন স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার প্যাটিক এ. মারফি।** "এই শিক্ষা কর্মসূচি এটি প্রত্যক্ষ করে যে সন্ত্রাসবাদ প্রতিরোধে সকল নিউ ইয়র্কবাসীর ভূমিকা রয়েছে, এবং এটি যে সন্দেহজনক কর্মকাণ্ড রিপোর্ট করতে ব্যবসা ও তাদের নিয়োগকর্তাদের অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।"

1,000টি অনুশীলনের পাশাপাশি, বিভাগ আমটার্ক রুটসমূহে এবং MTA কমিউটার লাইনে সন্ত্রাসবাদ-বিরোধী ও ঘটনার প্রত্যুত্তর অনুশীলনের জন্য "অপারেশন নিউ ইয়র্ক সিকিউর" এর জন্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির সাথে অংশীদারিত্ব করেছে। অপারেশনের উদ্দেশ্য হল প্রতি স্টেশনের জন্য দায়ী রেলপথ পুলিশ এজেন্সি ও এইসব স্থানে জরুরি পরিস্থিতিতে প্রতিক্রিয়া জানানোর স্টেট ও স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সির মধ্যকার সমন্বয় ও প্রতিক্রিয়া উন্নত করা। এইসব দৃশ্যমান অনুশীলনের মধ্যে রয়েছে অতিরিক্ত প্ল্যাটফর্ম টহল, ট্রেনের ভেতর বর্ধিত নিরাপত্তা উপস্থিতি, বিস্ফোরক সনাক্তকারী কুকুর দ্বারা অনুসন্ধান এবং নজরদারি-বিরোধী ব্যবস্থা। অপারেশন নিউ ইয়র্ক সিকিউর এম্পায়ার লাইন ধরে আমটার্ক ও MTA স্টেশনসমূহে ছয়টি বহু-স্টেশন অনুশীলন সম্পন্ন করেছে এবং স্টেটের একক স্টেশনগুলোতে আরো 14টি ইভেন্ট করেছে।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে
স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সন্ত্রাসবাদ, প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরী পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, তৈরি থাকতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য Facebook পৃষ্ঠা দেখুন, Twitter এ @NYSDHSES অনুসরণ করুন, বা dhses.ny.gov দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন